গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
গ্রহণ, বিতরণ ও সেবা শাখা
www.fid.gov.bd

স্মারক নং: ৫৩.০০.০০০০.২১৩.৯৯.০০২.২২.০৮

তারিখ: ২৭ পৌষ ১৪২৮ / ১১ জানুয়ারি ২০২১

**বিষয়: আর্থিক প্রতিষ্ঠান বিভাগের 'সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২১-২২' বাস্তবায়ন সংক্রান্ত ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০২১) প্রতিবেদন।**

সূত্র: ১। মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং- ০৪.০০.০০০০.৮১১.৫৫.০০৩.১৮.৩৫; তারিখ: ২৬ ফেব্রুয়ারি ২০১৯
২। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ সংক্রান্ত লক্ষ্যমাত্রা।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্র ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর লক্ষ্যমাত্রার পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা ও এপিএ গাইডলাইন অনুযায়ী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন ও সিটিজেনস্ চার্টার কর্মপরিকল্পনা ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে (সংযুক্ত)। এছাড়াও গত ৩০ ডিসেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভা ও স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে (সভার কার্যবিবরণী)।

এমতাবস্থায়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিটিজেনস্ চার্টার কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন ও সিটিজেনস্ চার্টার কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন সংক্রান্ত ২০২১-২২ অর্থবছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০২১) অগ্রগতি প্রতিবেদন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে এসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১১/১/২২
(মোঃ গোলাম মোস্তফা)
উপসচিব
ফোন: ৯৫৫৯২০৫

সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃ.আ. উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ]

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে</u>

১। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম প্রধান, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
২। উপসচিব (এপিএ), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। প্রোগ্রামার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়

**বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২২ সংশ্লিষ্ট সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০২১) অগ্রগতি প্রতিবেদন ও প্রমাণক সরবরাহ।**

**মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২১-২২**

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | কর্মসম্পাদন সূচকের মান | বাৎসরিক লক্ষ্যমাত্রা ২০২১-২২ | বাস্তবায়ন অগ্রগতি ২০২১-২২ | | | | বাৎসরিক অর্জন ২০২১-২২ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর ২০২১) | ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০২১) | ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ ২০২২) | ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২০২২) | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯= (৫+৬+৭+৮) | ১০ | ১১ | ১২ |
| [১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন | [১.১.১] সিদ্ধান্ত বাস্তবায়িত | ৮ | ১০০% | ১০০% | ১০০% | | | ১০০% | সি.সি কমিটি | বাস্তবায়ন প্রতিবেদন | (ক) |
| [১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ | [১.২.১] ওয়েবসাইটে প্রতি ত্রৈমাসিকে হালনাগাদকৃত | ৫ | ৪ | ১টি | ১টি | | | ২টি | প্রশাসন ও কল্যাণ শাখা | ওয়েবসাইটে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি | (খ) |
| [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | [১.১.১] প্রশিক্ষণ আয়োজিত | ৫ | ৪ | - | ১টি | | | ১টি | প্রশিক্ষণ শাখা | প্রশিক্ষণ আদেশ, আলোচ্যসূচি, প্রশিক্ষণার্থীদের তালিকা, হাজিরাশীট | (গ) |
| [২.২] সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | [১.৩.১] অবহিতকরণ সভা অনুষ্ঠিত | ৭ | ২ | - | ১টি | | | ১টি | সি.সি কমিটি | সভার কার্যবিবরণী | (ঘ) |

30/12/2021
প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তার স্বাক্ষর ও সিল
(FAISAL AHMAD)
Senior Principal Officer
-FID (On Deputation)
Ministry of Finance

30/12/22
উপসচিব ও সদস্য সচিব, সিটিজেন চার্টার কমিটি
মোঃ গোলাম মোস্তফা
উপসচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

D:\Misc\Citizen Charter\Report\2021-22\CC 2021-22_ ত্রৈমাসিক প্রতিবেদন 2nd Qtr.docx

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গ্রহণ, বিতরণ ও সেবা শাখা
www.fid.gov.bd

**বিষয়: আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২১-২২ অর্থবছরের 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির' সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) ২০২১ প্রতিবেদন।**

আর্থিক প্রতিষ্ঠান বিভাগে 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ' সংক্রান্ত কমিটির ২০২১-২২ অর্থবছরের ২য় সভা গত ২৭ ডিসেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। এ ক্ষেত্রে বিগত সভায় কমিটি কর্তৃক যেসকল সিদ্ধান্ত গৃহীত হয় তার বাস্তবায়ন অগ্রগতি নিম্নে তুলে ধরা হলো:

**বিগত সেপ্টেম্বর/২০২১ (১ম ত্রৈমাসিক) মাসের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:**

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নের হার |
|---|---|---|---|---|
| ১ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে অর্থাৎ প্রতি ত্রৈমাসিকের শেষ সপ্তাহে এতদসংক্রান্ত সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী একটি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ওয়েবসাইটে প্রদর্শনসহ মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ১০০% বাস্তবায়নের জন্য ০৮ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়। | সভার সিদ্ধান্ত ও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ওয়েবসাইটে প্রদর্শনসহ মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেরণ করতে হবে। | বাস্তবায়িত | |
| ২ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে প্রদর্শনের বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়টি যথাযথভাবে বাস্তবায়নের জন্য এতদসংক্রান্ত গত ৩০ জুন ২০২১ তারিখের সভায় বিদ্যমান কমিটিতে উপসচিব (প্রশাসন) কে অন্তর্ভুক্ত করে কমিটি পুনর্গঠন করার বিষয়ে আলোচনা হয়। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ০৫ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে। | বাস্তবায়িত | ১০০% |
| ৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ সংক্রান্ত এপিএ লক্ষ্যমাত্রায় ত্রৈমাসিক ভিত্তিতে এতদসংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়টি তুলে ধরা হয়েছে। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ০৫ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে এতদসংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | বাস্তবায়িত | |
| ৪ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অর্ধ-বার্ষিক ভিত্তিতে ২টি অবহিতকরণ সভা আয়োজনের জন্য এপিএ তে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ ক্ষেত্রে এপিএ তে কর্মসম্পাদন সূচকের মান ০৭ নম্বর ধরার বিষয়ে আলোচনা হয়। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অর্ধ-বার্ষিক ভিত্তিতে ২টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। | বাস্তবায়িত | |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নের হার |
|---|---|---|---|---|
| ৫ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বিদ্যমান **সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২** বাস্তবায়নের লক্ষ্যে জরুরীভিত্তিতে কমিটি পুনর্গঠন করা প্রয়োজন এবং নতুন এপিএ গাইডলাইনের বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থাসহ এ বিষয়ের মূল্যায়ন প্রক্রিয়া সকলকে অবহিত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | কমিটি পুনর্গঠন এবং নতুন এপিএ গাইডলাইন অনুযায়ী দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি মূল্যায়ন কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | বাস্তবায়িত | |
| ৬ | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন শাখায় প্রেরণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন শাখায় প্রেরণ করতে হবে। | বাস্তবায়িত | |

৩০/১২/২১

(মোঃ গোলাম মোস্তফা)
উপসচিব
ও
সদস্য সচিব
সিটিজেনস্ চার্টার কমিটি
ফোন: ৯৫৫৯২০৫